

মুজিববর্ষের কূটনীতি
প্রগতি ও সম্প্রীতি



বাংলাদেশ কনস্যুলেট জেনারেল
টরন্টো, কানাডা

প্রেস বিজ্ঞপ্তি

টরন্টো, ১৪ এপ্রিল ২০২১

টরন্টোর বাংলাদেশ কনস্যুলেট জেনারেল গত ১৪ এপ্রিল ২০২১ যথাযথ কোভিড স্বাস্থ্য প্রোটোকল প্রতিপালনের মাধ্যমে স্বল্প পরিসরে বাংলা নববর্ষ ১৪২৮ উদযাপন করেছে। কনস্যুলেট জেনারেলের সদস্যরা 'এসো হে বৈশাখ' সমবেত সঙ্গীতের মাধ্যমে অনুষ্ঠানের সূচনা করেন, এরপর মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর বাণী পাঠ করা হয় এবং কনস্যুলেটের সদস্যরা একটি সাংস্কৃতিক পরিবেশনার আয়োজন করেন।



কনসাল জেনারেল নাঈম উদ্দিন আহমেদ তার বক্তব্যে বাংলা নববর্ষের ইতিহাস ও ঐতিহ্য তুলে ধরেন এবং একটি অসাম্প্রদায়িক বাংলাদেশ গঠনে পহেলা বৈশাখের আনন্দকে ধর্ম-বর্ণ নির্বিশেষে সকলের মধ্যে ভাগ করে নেয়ার আহ্বান জানান। তিনি বলেন, পহেলা বৈশাখ

আমাদের সংস্কৃতিতে অসাম্প্রদায়িকতার প্রতীক- যা সকলের মাঝে বাংলা নববর্ষের আনন্দ আর প্রত্যয় ছড়িয়ে দেয়।

কনসাল জেনারেল সকলকে একটি উন্নত অসাম্প্রদায়িক বাংলাদেশ গঠনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুযোগ্য কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতকে শক্তিশালী করার জন্য সকলের প্রতি আহ্বান জানান।



সবশেষে, দেশের অব্যাহত উন্নয়ন, সুখ ও সমৃদ্ধি কামনা করে এবং বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের পরলোকগত সদস্য, মুক্তিযুদ্ধে শহীদ ও বীর মুক্তিযোদ্ধাদের রুহের মাগফিরাত কামনা করে বিশেষ মোনাজাত করা হয়।
